# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৭০

৫. কিতাবুল ঈমান (كِتَابُ الْإِيمَانِ)

পরিচ্ছেদঃ এই জাতীয় শব্দগুলো মানুষ যা চিনে-জানে তার ভিত্তিতে উদাহরণ হিসেবে ব্যবহার করা হয়েছে; এর বাহ্যিক অর্থ উদ্দেশ্য নয়-এই মর্মে হাদীস

## ذِكْرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى أَنَّ هَذِهِ الْأَلْفَاظَ مِنْ هَذَا النَّوْعِ أُطْلِقَتْ بِأَلْفَاظِ التَّمْثِيلِ وَالتَّشْبِيهِ عَلَى حَسَبِ مَا يَتَعَارَفُهُ النَّاسُ فِيمَا بَيْنَهُمْ دُونَ الْحُكْمِ عَلَى ظَوَاهِرِهَا

আরবী

أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ الْجُمَحِيُّ قَالَ: حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ بَشَّارٍ قَالَ: حَدَّثنا سُفْيَانُ عَنْ ابن عجلان عن سعيد ين يَسَارٍ أَبِي الْحُبَابِ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ أَبُو الْقَاسِمِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (مَا تصدَّق عَبْدٌ بِصَدَقَةٍ مِنْ كَسْبٍ طَيِّبٍ ـ وَلَا يَقْبَلُ اللَّهُ إِلَّا طَيِّبًا وَلَا يَصْعَدُ إِلَى السَّمَاءِ إِلَّا طَيِّبٌ ـ إِلَّا كَأَنَّمَا يَضَعُهَا فِي يَدِ الرَّحْمَنِ فيُرَبِّيها لَهُ كَمَا يُرَبِّي أَحَدُكُمْ فَلُوَّهُ وَفَصِيلَهُ حَتَّى إِنَّ اللُّقْمَةَ أَوِ التَّمْرَةَ لَتَأْتِي يَوْمَ الْقِيَامَةِ مِثْلَ الْجَبَلِ الْعَظِيمِ.)
الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 270 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

২৭০. আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, আবুল কাসিম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “কোন বান্দা পবিত্র উপার্জন থেকে সাদাকা করলে, -আল্লাহ পবিত্র ছাড়া অন্য কিছু গ্রহণ করেন না। পবিত্র ছাড়া অন্য কিছু আসমান পানে উত্থিত হয় না- তবে সে যেন দয়াময় আল্লাহর হাতে সে দান রাখে অতঃপর তিনি তা প্রতিপালন করেন, যেমনভাবে তোমাদের কেউ ঘোড়া ও উটের বাচ্চা প্রতিপালন করে। এমনকি এক লোকমা খাবার কিংবা একটি খেজুর কিয়ামতের দিন বিশাল পাহাড়ের মত হয়ে আবির্ভূত হবে।”[1]

قَالَ أَبُو حَاتِمٍ: قَوْلُهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِلَّا كَأَنَّمَا يَضَعُهَا فِي يَدِ الرَّحْمَنِ) يُبَيِّنُ لَكَ أَنَّ هَذِهِ الْأَخْبَارَ أُطْلِقَتْ بِأَلْفَاظِ التَّمْثِيلِ دُونَ وُجُودِ حَقَائِقِهَا أَوِ الْوُقُوفِ عَلَى كَيْفِيَّتِهَا إِذْ لَمْ يَتَهَيَّأْ مَعْرِفَةُ الْمُخَاطَبِ بِهَذِهِ الْأَشْيَاءِ إِلَّا بِالْأَلْفَاظِ الَّتِي أُطْلِقَتْ بِهَا.

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বক্তব্য “তবে সে যেন দয়াময় আল্লাহর হাতে সে দান রাখে” এটি প্রমাণ করে যে, এই হাদীসগুলো উদাহরণ হিসেবে ব্যবহার করা হয়েছে; এর প্রকৃত অর্থ বা ধরণ অবগত করা উদ্দেশ্য নয়। কেননা এই জিনিসগুলো উল্লেখিত শব্দ ছাড়া অন্য কিছু দ্বারা মুখাতাব বা শরীয়তের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে জানানো সম্ভব নয়।”

## ফুটনোট

[1] হুমাইদী: ১১৫৪; বাগাবী, শারহুস সুন্নাহ: ১৬৩১; মুসনাদ আহমাদ: ২/৪১৮; ইবনু খুযাইমা: ৬০; সহীহ মুসলিম: ১০১৪; তিরমিযী: ৬৬১; নাসাঈ: ২/৫৩৮; ইবনু মাজাহ: ১৮৪২; দারেমী: ১/৩৯৫; মুয়াত্তা ইমাম মালিক: ২/995; সহীহ আল বুখারী: ১৪১০; মুসান্নাফ আব্দুর রাযযাক: ২০০৫০; ইবনু আবী শায়বাহ: ৩/১১১-১১৩।

হাদীসটির সানাদকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা‘লীকুর রাগীব: ২/১৮।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88569

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন